১৬৪ ২৫/২/১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৩-৬৩

তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০১৪
১৩ ফাল্গুন ১৪২০

## প্রজ্ঞাপন

বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে তাঁর স্বামীর যুক্তরাজ্যস্থ কর্মস্থলে অবস্থানের জন্য গত ১৬-০৪-২০০৮ তারিখের সজস-১/৮পি-১৫/২০০৮-৩০৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ০২ (দুই) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ ১৫-০৪-২০১০ তারিখ শেষ হয়েছে। কিন্তু অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগবিবরণী ও অভিযোগনামা তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপসচিব-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ২২-০৫-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) এর গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১)-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

*(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)*

সেহেতু এক্ষণে বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৫-০৪-২০১০ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

28.02.2014

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৩-৬৬

তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০১৪
১৩ ফাল্গুন ১৪২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)** ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। **সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল।**
০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্ম-সচিব (আইসিটি ইউনিট প্রধান), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়। **প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।**
১১। যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল।**
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। **পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।**
১৩। সচিবের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫। বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (চাকুরী হতে বরখাস্ত)।

২৫.০২.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯।